



'समानो मन्त्रः समितिः समानी'

UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 3rd Semester Examination, 2022

CC7-BENGALI

OLD SYLLABUS [For students with registration session 2018-2019 & 2019-2020]

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) 'বীরাঙ্গনা' শব্দের অর্থ কী? 'বীরাঙ্গনা' কাব্যের দু'টি পত্রের নাম লেখো।
- (খ) "গুরুপত্নী চাহে ভিক্ষা, দেহ ভিক্ষা তারে।" উদ্ধৃত পংক্তিটি কোন্ পত্রিকার অন্তর্গত? গুরুপত্নী কে? কার কাছে, কী ভিক্ষা সে চাইছে?
- (গ) 'আলো ও ছায়া' কাব্যগ্রন্থটি কত সালে প্রকাশিত হয়? কাব্যটির প্রথম প্রকাশকালে ভূমিকা কে লেখেন? কবি কামিনী রায়ের লেখা অন্য দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।
- (ঘ) 'এষা' শব্দের অর্থ কী? কাব্যটি কোন্ শ্রেণির? কত সালে কাব্যটি প্রকাশিত হয়?
- (ঙ) "কাটিতে কাটিতে ধান এলো বরষা" — উদ্ধৃতিটি কোন্ কবিতার অংশ? কবিতাটিতে বর্ষার ক্ষেতের যে বর্ণনা কবি দিয়েছেন সংক্ষেপে লেখো।
- (চ) 'সোনার তরী' কাব্যগ্রন্থে মোট ক'টি কবিতা আছে? যে-কোনো তিনটি কবিতার নাম লেখো।
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) 'শান্তনুর প্রতি জাহ্নবী' পত্রিকাটির অবলম্বন পুরাণের কোন্ কাহিনী? পত্রিকাটির মূল বক্তব্য আলোচনা করো।
- (খ) 'বীরাঙ্গনা' কী জাতীয় কাব্য? কাব্যটিতে কোন্ বিদেশী কাব্যের প্রভাব আছে? সেই কাব্যের সঙ্গে 'বীরাঙ্গনা' কাব্যের সাদৃশ্য ও বৈসাদৃশ্য উল্লেখ করো।
- (গ) 'আলো ও ছায়া' কাব্যের নামকরণের সার্থকতা বিচার করো।
- (ঘ) 'এষা' কাব্যের 'শোকপর্বে'র কবিতা অবলম্বনে কবির বিরহ বেদনার পরিচয় দাও।
- (ঙ) 'সোনার তরী' কাব্যের অন্তর্গত কবিতায় মর্ত্যপ্রেমের যে পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো।
- (চ) 'সোনার তরী' কাব্যগ্রন্থের শেষ কবিতা কোন্টি? এই কবিতায় কবির যে মনোভাবের পরিচয় আছে উল্লেখ করো।
- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) 'বীরাঙ্গনা' কাব্যে আধুনিক জীবনজিজ্ঞাসার যে প্রতিফলন ঘটেছে তা আলোচনা করো।
- (খ) " 'আলো ও ছায়া' কাব্যগ্রন্থের কিছু কবিতায় পুরাণের প্রেমকথার নবরূপায়ণ লক্ষ্য করা যায়।" — পঠিত কবিতা অবলম্বনে মন্তব্যটি ব্যাখ্যা করো।
- (গ) তোমার পাঠ্য কবিতায় অক্ষয়কুমার বড়ালের যে মৃত্যু-চেতনার পরিচয় আছে পাঠ্য কবিতা অবলম্বনে আলোচনা করো।
- (ঘ) 'সোনার তরী' কাব্যগ্রন্থের অন্তর্গত 'মানসসুন্দরী' কবিতায় কবির যে মনোভাবের প্রকাশ ঘটেছে তার পরিচয় দাও।

—x—